

আধ্যাত্মিক গুণাবলী

আমার মধ্যে এক পবিত্র হৃদয়ের সৃষ্টি কর, হে আমার ঈশ্বর, এবং আমার অন্তরে প্রশান্ত বিবেকের পুনঃ সংস্থাপন কর, হে আমার আশা! শক্তির আত্মার মধ্য দিয়া তোমার প্রত্যাদেশ ধর্মের আমার বিশ্বাস সুদৃঢ় কর, হে আমার প্রিয়তম! এবং তোমার প্রভার আলোকের দ্বারা আমার সম্মুখে তোমার পথ উদ্ঘাটিত কর, হে আমার কামনার লক্ষ্যস্থল! তোমার অসীম শক্তিশালী ক্ষমতার দ্বারা আমাকে তোমার পবিত্রতার স্বর্গধামে উত্থিত কর, হে আমার অস্তিত্বের উৎস, এবং তোমার শাস্ত সমীরণের দ্বারা আমাকে পুলকিত কর, হে তুমি যিনি আমার ঈশ্বর! তোমার চিরন্তন সংগীতের ধারা আমাকে প্রশান্ত করুক, হে আমার সাথী, এবং তোমার সনাতন মুখমন্ডলের সুসমা আমাকে তোমা ব্যতীত অপর সকল বিষয় হইতে মুক্ত করুক, হে আমার প্রভু! তোমার অবিদ্যমান সত্তার প্রকৃতি সু-সমাচার আমাকে আনন্দ প্রদান করুক, হে প্রকাশের মধ্যে শ্রেষ্ঠ প্রকাশ এবং প্রচ্ছন্নের মধ্যে প্রচ্ছন্নতম!

-- বাহউল্লাহ

আরোগ্য

তোমার নামই আমার আরোগ্য, হে আমার ঈশ্বর এবং তোমার স্মরণই আমার মহৌষধী। তোমার নৈকট্যই আমার আশা এবং তোমার প্রতি অনুরাগই আমার সাথী। ইহলোকে ও পরলোকে তোমার করুণাই আমার নিরাময় এবং সহায়। সত্যই, তুমি সর্ববদান্য, সর্বজ্ঞ, মহাপ্রাজ্ঞ।

-- বাহউল্লাহ

একতা

হে আমার ঈশ্বর, হে আমার ঈশ্বর! তোমার সেবকগণের হৃদয় একত্রিত কর এবং তাহাদের নিকট তোমার মহৎ উদ্দেশ্য প্রকৃতি কর। তাহারা তোমার আদেশের অনুবর্তন করুক এবং তোমার বিধান মান্য করুক। হে ভগবান, তাহাদের প্রচেষ্টায় তাহাদিগকে সাহায্য কর এবং তোমার সেবা করিতে তাহাদের শক্তি দাও। হে পরমেশ্বর, নিজেদের উপর তাহাদের ছাড়িয়া দিও না, তোমার জ্ঞানের আলোকে তাহাদের পদক্ষেপ পরিচালিত কর এবং তোমার প্রেমের দ্বারা তাহাদের প্রফুল্ল-চিত্ত কর। সত্যই তুমি তাহাদের সহায়ক ও তাহাদের পরম প্রভু।

-- বাহউল্লাহ